নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali science and Technology University
Website : www.nstu.edu.bd
Noakhali-3814

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone:880-2334496581, Mobile: 880-01733998894
E-mail : pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২২২৭ ০৪ আগস্ট ২০২৫

## সংবাদ বিজ্ঞপ্তি

# জুলাই গণ-অভ্যুত্থান দিবস উপলক্ষে নোবিপ্রবিতে স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) জুলাই গণ-অভ্যুত্থান দিবস-২০২৫ উপলক্ষে স্বেচ্ছায় রক্তদান ও রক্তের গ্রুপ নির্ণয় কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার (০৪ আগস্ট ২০২৫) নোবিপ্রবি শহিদ মুগ্ধ মেডিকেল সেন্টারে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়। রক্তদান কর্মসূচির উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। এতে উপস্থিত ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ।

শুরুতেই বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল জুলাই গণঅভ্যুত্থানের স্মরণে রক্তদান কর্মসূচি এবং রক্তের গ্রুপ নির্ণয়ের উদ্বোধন ঘোষণা করেন। এ সময় তিনি এর সঙ্গে যুক্ত সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। উদ্বোধন শেষে তিনি শহিদ মুগ্ধ মেডিকেল সেন্টারে সদ্য প্রতিষ্ঠিত ডায়াগনস্টিক ল্যাব পরিদর্শন করেন এবং ল্যাবের কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধির জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণের নির্দেশ দেন। এ সময় উপস্থিত ছিলেন নোবিপ্রবি চিফ মেডিকেল অফিসার (প্রশাসনিক) ড. মোহাম্মদ মফিজুল ইসলাম, ডেপুটি চিফ মেডিকেল অফিসার (চলতি দায়িত্ব) ডাঃ ইসমত আরা পারভীন, রক্তদান কর্মসূচি আয়োজক উপ-কমিটির সদস্যবৃন্দসহ বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।

প্রসঙ্গত, কর্মসূচিতে সহযোগিতা করেছে নোবিপ্রবি শহিদ মুগ্ধ মেডিকেল সেন্টার, নোবিপ্রবি ব্লাড ব্রিগেড এবং নোয়াখালী ব্লাড ব্যাংক এন্ড ট্রান্সফিউশন সেন্টার।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪